# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় : হজ-উমরার আমলসমূহের সংক্ষিপ্ত ইতিহাস

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মুযদালিফায় অবস্থান

ইবরাহীম আলাইহিস সালামকে আল্লাহ তা‘আলা হজের যে পদ্ধতি শিখিয়েছিলেন তাতে মুযদালিফায় অবস্থানও শিক্ষা দিয়েছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবরাহীম আলাইহিস সালামের পদাঙ্ক অনুসরণ করেছিলেন। তিনি বলেছেন,

«قِفُوا عَلَى مَشَاعِرِكُمْ فَإِنَّكُمْ عَلَى إِرْثٍ مِنْ إِرْثِ أَبِيكُمْ إِبْرَاهِيمَ».

‘তোমরা তোমাদের মাশায়ের (তথা আরাফা, মুযদালিফা ও মিনা)-এ অবস্থান করো। কারণ তোমরা তোমাদের পিতা ইবরাহীমের রেখে যাওয়া বিধানের উত্তরাধিকার।’[1] এ থেকে বুঝা যায়, আরাফা, মুযদালিফা ও মিনা-প্রতিটি স্থানেই ইবরাহীম আলাইহিস সালাম অবস্থান করেছিলেন।

ফুটনোট

[1]. আবূ দাউদ : ১৯১৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7458

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন